

বঙ্গভবন, ১৫ মার্চ ২০২২:

বাংলাদেশের বিভিন্ন খাতে বিনিয়োগ বাড়াতে যুক্তরাষ্ট্রের বিনিয়োগকারীদের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। বিকেলে বাংলাদেশে নবনিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত PETER D HAAS রাষ্ট্রপতির কাছে তার পরিচয়পত্র পেশ করতে গেলে তিনি এ আহ্বান জানান।

বঙ্গভবনে পৌঁছলে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট এর একটি চৌকস দল নবনিযুক্ত রাষ্ট্রদূতকে গার্ড অব অনার প্রদান করে।

নতুন রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেন যুক্তরাষ্ট্রের সাথে বাংলাদেশের সম্পর্ক অত্যন্ত চমৎকার এবং এ সম্পর্ক কূটনীতির পাশাপাশি বানিজ্য-বিনিয়োগসহ বিভিন্ন ক্ষেত্রে বিস্তৃত হয়েছে।

রোহিঙ্গা সমস্যার সমাধানে যুক্তরাষ্ট্রের ভূমিকার কথা তুলে ধরে রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন রোহিঙ্গারা যাতে সম্মানের সাথে নিজ দেশে ফিরে যেতে পারে সে ব্যাপারে মিয়ানমারের ওপর যুক্তরাষ্ট্রের চাপ প্রয়োগ অব্যাহত থাকবে। কোভিড মোকাবিলায় বাংলাদেশকে টিকাসহ অন্যান্য সহযোগিতা করায় যুক্তরাষ্ট্রের সরকার ও জনগণকে ধন্যবাদ জানান রাষ্ট্রপতি।

সাক্ষাৎকালে যুক্তরাষ্ট্রের নতুন রাষ্ট্রদূত দায়িত্ব পালনে রাষ্ট্রপতির সার্বিক সহযোগিতা কামনা করেন।

পরে মালদ্বীপে নবনিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার রিয়ার এডমিরাল এস এম আবুল কালাম আজাদ বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে নতুন হাইকমিশনার দায়িত্ব পালনে রাষ্ট্রপতির দিক নির্দেশনা এবং সহযোগিতা কামনা করেন।

রাষ্ট্রপতি বলেন সম্প্রতি বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং মালদ্বীপের রাষ্ট্রপতির পারস্পারিক সফর বিনিময়ের ফলে দুই দেশের মধ্যে বিদ্যমান সম্পর্কে নতুন অধ্যায় সূচিত হয়েছে। রাষ্ট্রপতি দু'দেশের মধ্যে সম্পর্ক উন্নয়নের পাশাপাশি বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিসহ মালদ্বীপে প্রবাসী বাংলাদেশিদের কল্যাণে কাজ করতে নতুন হাইকমিশনারকে পরামর্শ দেন।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহ উদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খান এ সময় উপস্থিত ছিলেন।